২৬

তারিখ ... 02 JUN 1997 ...
পৃষ্ঠা ...১২... কলাম ...৩......

দৈনিক ইনকিলাব

# সিলেট শাহজালাল ভার্সিটিতে ছাত্র লীগের অনির্দিষ্টকালের ধর্মঘট আহবান

সিলেট অফিস ঃ বিশ্ববিদ্যালয়ে পরপর ৩টি হিংসাত্মক ঘটনার প্রেক্ষিতে তদন্ত কমিটির সুপারিশের দরুন ছাত্র লীগ শাহজালাল বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ২২ নেতা-কর্মীকে কারণ দর্শাও নোটিশ জারির প্রতিবাদে ছাত্র লীগ শাহজালাল বিশ্ববিদ্যালয় শাখা আজ (সোমবার) থেকে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট আহবান করেছে। ফলে ২য় সেমিস্টার অনার্স ও মাস্টার্স ফাইনালসহ সকল পরীক্ষা অনিশ্চিত হয়ে পড়েছে।